

ইউআইটিএস-এর ইংরেজি বিভাগের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন

নিজস্ব প্রতিবেদক

১৩ অক্টোবর ২০২২ ০৭:৪০ পিএম | আপডেট: ১৩ অক্টোবর ২০২২
০৭:৪৩ পিএম

26
Shares



ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর ইংরেজি বিভাগের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে র্যালি অনুষ্ঠিত হয়েছে

advertisement

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) ইংরেজি বিভাগের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী নানা কর্মসূচি পালনের মধ্য দিয়ে এ প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন করা হয়।

আজ সকাল ১১টায় বিভাগটির উদ্যোগে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে র্যালি বের করা হয়। র্যালিটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সংলগ্ন এলাকা প্রদক্ষিণ করে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন সৈয়দা আফসানা ফেরদৌসি, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান নাইমা আফরিন, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক ও ইংরেজি বিভাগের প্রভাষক শুভ দাস, বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ও

ইংরেজি বিভাগের প্রভাষক মো. শামিম হোসেন, বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. ওমর ফারুকসহ বিভাগীয় শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা র্যালিতে অংশগ্রহণ করেন।

advertisement 3

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিকেল ৩টায় বিশ্ববিদ্যালয়ের রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আবু হাসান ভূঁইয়া। আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ।

advertisement 4

আলোচনা সভা শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয় এবং বিভাগীয় শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।